অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/20/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল মানব পাচারের শিকার ব্যক্তিদের সুরক্ষার জন্য সমর্থন ও সংস্থান প্রদান করতে বিধিমালার প্যাকেজে স্বাক্ষর করলেন

বিধিমালা (S.7360/A.9821) অ্যালকোহল প্রশিক্ষণ সচেতনতায় মানব পাচার সম্পর্কিত পাঠ্যসূচি যোগ করা আবশ্যক করে

বিধিমালা (S.244B/A.887C) লজিং ফ্যাসিলিটির কর্মীদের মানব পাচারের শিকার ব্যক্তিদের সনাক্ত করার প্রশিক্ষণ প্রদান আবশ্যক করে

বিধিমালা (S.8711A/A.9883A) থ্রুওয়ে কর্তৃপক্ষের জন্য পাবলিক রেস্টরুমে মানব পাচারের শিকার ব্যক্তিদের জন্য তথ্যমূলক সাইন এবং কার্ড লাগানো আবশ্যক করে

বিধিমালা (S.8678/A.9814) ট্রাক স্টপগুলির জন্য পাবলিক রেস্টরুমে মানব পাচারের শিকার ব্যক্তিদের জন্য তথ্যমূলক সাইন এবং কার্ড লাগানো আবশ্যক করে

বিধিমালা (S.8710/A.9406) বিমানবন্দরগুলির জন্য পাবলিক রেস্টরুমে মানব পাচারের শিকার ব্যক্তিদের জন্য তথ্যমূলক সাইন এবং কার্ড লাগানো আবশ্যক করে

বিধিমালা (S.8262/A.9169) বন্দর কর্তৃপক্ষের বিমানবন্দরগুলির জন্য পাবলিক রেস্টরুমে মানব পাচারের শিকার ব্যক্তিদের জন্য তথ্যমূলক সাইন এবং কার্ড লাগানো আবশ্যক করে

বিধিমালা (S.8573/A.9410) বন্দর কর্তৃপক্ষের বাস টার্মিনালগুলির জন্য পাবলিক রেস্টরুমে মানব পাচারের শিকার ব্যক্তিদের জন্য তথ্যমূলক সাইন এবং কার্ড লাগানো আবশ্যক করে

বিধিমালা (S.3374B/A.7818B) অ্যালকোহলজাত পানীয় বিক্রি করা স্থাপনাগুলিতে মানব পাচারের অপরাধ এবং সহায়তা হটলাইনের ব্যাপারে সাইনেজ প্রদর্শন আবশ্যক করে

গভর্নর ক্যাথি হোকল আজকে মানব পাচারের শিকার ব্যক্তিদের সমর্থন ও সংস্থান প্রদান করার জন্য আটটি বিধিমালায় স্বাক্ষর করেছেন। নতুন এই আইনগুলি নিশ্চিত করবে যে বিমানবন্দর, বাস টার্মিনাল, হোটেল এবং ট্রাক স্টপের মতো স্থানগুলিতে যাতে মানব পাচারের ব্যাপারে তথ্য বিশেষভাবে প্রদর্শিত হয়। এটি কর্মী এবং দর্শনার্থীদের মানব পাচারের ভয়ঙ্কর অনুশীলনের ব্যাপারে অতি গুরুত্বপূর্ণ তথ্য দেয়, এবং একই সাথে এর শিকার ব্যক্তিদের নিজেদের অধিকার ও উপলভ্য সংস্থানের ব্যাপারে জানার সতর্ক উপায় প্রদান করে।

"আমাদেরকে মানব পাচারের কলঙ্ক শেষ করতে এবং নিউ ইয়র্কে এই ঘৃণ্য অনুশীলনের শিকার হাজার হাজার ব্যক্তিকে সুরক্ষা করতে আমাদের ক্ষমতার মধ্যে সব কিছু করতে হবে," **গভর্নর হোকল বলেন।** "নিউ ইয়র্কবাসীদের মানব পাচারের লক্ষণসমূহ জানা থাকা এবং এর শিকার ব্যক্তিদের জন্য সাহায্যের হাত বাড়িয়ে দিতে প্রস্তুত থাকা উচিত। আমি বিধিমালার এই প্যাকেজে স্বাক্ষর করতে পেরে গর্বিত, এর মধ্যে এমন ক্যাম্পেইন রয়েছে যা সচেতনতা বৃদ্ধি করবে এবং হাজার হাজার জীবন বাঁচাতে অর্থপূর্ণ পরিবর্তন আনবে।"

মানব পাচার সনাক্তকরণ প্রশিক্ষণ
বিধিমালা (S.7360/A.9821) সকল নিউ ইয়র্ক স্টেট লিকার কর্তৃপক্ষের (New York State Liquor Authority) সনদপ্রাপ্ত অ্যালকোহল প্রশিক্ষণ সচেতনতা কর্মসূচিতে (Alcohol Training Awareness Programs) একটি মানব পাচার প্রশিক্ষণ অংশ যোগ করা আবশ্যক করে। এটি মানব পাচারের লক্ষণসমূহের ব্যাপারে সচেতনতা ও বোধগম্যতা বৃদ্ধি করবে যাতে সাড়াদানের প্রয়োজন হলে সতর্ক সঙ্কেত ও এর শিকার ব্যক্তিদের সনাক্ত করা যায়।

স্টেট সিনেটর জেমস স্কোফিস বলেন, "আইনপ্রণেতাদের নিষ্ক্রিয় থাকলে চলবে না যখন নিউ ইয়র্ক ক্রমাগত মানব পাচারের প্রাদুর্ভাবের দিক দিয়ে দেশের চতুর্থ অবস্থানে থাকছে। আমাদের বিধিমালা বারটেন্ডারদের এই অমানবিক শোষণ চিহ্নিত ও বন্ধ করার ক্ষমতা দেয় এবং এটি অগণিত পাচারের শিকার ব্যক্তিদের সুরক্ষা দিবে। আমি এই বিলটি এবং সেই সাতে প্যাকেজের অন্যান্য সুরক্ষাকারী ব্যবস্থায় স্বাক্ষর করার জন্য গভর্নরকে ধন্যবাদ জানাচ্ছি।"

অ্যাসেম্বলি সদস্য কিম্বার্লি জন-পিয়ের বলেন, "বার এবং রেস্টুরেন্টের কর্মীরা যাতে মানব পাচারের শিকার ব্যক্তিদের সহায়তা করার জন্য যথাযথভাবে প্রশিক্ষিত থেকে তা নিশ্চিত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। মানব পাচার একটি সামাজিক এবং সম্প্রদায়ের মর্মান্তিক ঘটনা যা জনস্বাস্থ্যকে বিপদগ্রস্ত করে এবং সহিংসতা ও অপরাধে ইন্ধন যোগায়। বিলটি এই ব্যাপারে সচেতনতা আনতে সাহায্য করবে, কর্মী সদস্যদের আরো ভালোভাবে লক্ষণ বুঝতে সাহায্য করবে, এবং তাদেরকে রিপোর্ট করার যথাযথ প্রক্রিয়া শিখাবে। আমি গভর্নর হোকল কর্তৃক এই বিলটি স্বাক্ষর হতে দেখে অতি আনন্দিত এবং মানব পাচারের বিরুদ্ধে লড়াই অব্যাহত রাখতে উন্মুখ।"

বিধিমালা (S.244B/A.887C) সকল সরাইখানা, হোটেল, মোটেল, মোটর কোর্টের জন্য অতিথিদের সাথে দেখা করবে তাদের এমন প্রত্যেক কর্মীকে মানব পাচারের শিকার ব্যক্তিদের সনাক্ত করার প্রশিক্ষণ প্রদান করাকে একটি আবশ্যিকতা করে। এই প্রশিক্ষণটি প্রত্যেক কর্মীকে নিয়োগের 60 দিনের মধ্যে প্রদান করতে হবে। অপরাধ ন্যায়বিচার সেবা ডিভিশন (Division of

Criminal Justice Services, DCJS) এবং টেম্পোরারি ও ডিজ্যাবিলিটি অ্যাসিস্টেন্স অফিস (Office of Temporary and Disability Assistance, OTDA) প্রশিক্ষণের পাঠ্যসূচি প্রদান করবে বা অনুমোদন দিবে।

স্টেটের সিনেটর শেলী মায়ার বলেন, "মানব পাচারের শিকার ব্যক্তিরা, বিশেষ করে শিশুরা, নিউ ইয়র্কজুড়ে শহুরে, সাবারবান এবং গ্রামীণ সম্প্রদায়ে আমাদের মধ্যেই রয়েছে। হোটেল এবং মোটেলের কর্মীরা এটি চিহ্নিত করা এবং বন্ধ করে একটি অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে, যদি তাদের সেই প্রশিক্ষণ থাকে, সেজন্য আমি S.244B স্পন্সর করতে পেরে গর্বিত। এই প্রচেষ্টায় তার অংশীদারিত্বের জন্য অ্যাসেম্বলি সদস্য এমি পলিনকে এবং গুরুত্বপূর্ণ এই ব্যবস্থাকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য গভর্নর ক্যাথি হোকলকে ধন্যবাদ।"

অ্যাসেম্বলি সদস্য এমি পলিন বলেন, "প্রতিদিন, যৌন পাচারকারীরা নারী ও মেয়েদের ব্যয়যোগ্য উপার্জন থাকা পুরুষদের কাছে নিজেদেরকে বিক্রি করতে বাধ্য করে। আমি অবৈধ যৌন পাচার শিল্পের বিরুদ্ধে লড়াই করতে বিধিমালার অনুমোদন দিতে পেরে গর্বিত যেখানে মূল পরিবহন হাবগুলিতে এই অপরাধের শিকার ব্যক্তিদের অতি গুরুত্বপূর্ণ সমর্থন সেবার প্রচার আবশ্যিক করে, এবং একইসাথে হোটেল কর্মীদের জন্য প্রশিক্ষণ আবশ্যিক করে যাতে তারা পাচার চিহ্নিত ও রিপোর্ট করতে পারে। যৌন পাচার অনেক সময় সকলের সম্মুখেই হয়ে থাকে কিন্তু সনাক্ত হয় না, এবং এটি চলার জন্য লজিং ও পরিবহনের উপর নির্ভরশীল। এই অপরাধের শিকার ব্যক্তিদের যেখানে সনাক্ত ও সেবার সাথে সংযুক্ত করা যাবে এমন ইন্টারসেকশনগুলিকে জড়িত করে আমরা তাদের নিরাপত্তা ও স্বাধীনতার একটি লাইফলাইন প্রদান করতে পারি। আমি এই বিলগুলিকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য এবং যৌন পাচার বন্ধে তার অঙ্গীকারের জন্য গভর্নর হোকলের প্রশংসা করছি।"

মানব পাচার সেবা সচেতনতা
বিধিমালা (S.8711A/A.9883A) সকল থ্রুওয়ে কর্তৃপক্ষের (Thruway Authority) রেস্টরুমের জন্য মানব পাচারের শিকার ব্যক্তিদের সেবার ব্যাপারে তথ্য এবং সেই সাথে জাতীয় মানব পাচার হটলাইন নম্বর লাগানো আবশ্যিক করে। এর ফলে অপরাধের শিকার ব্যক্তিদের জন্য উপলভ্য সংস্থান সেবা প্রদানের এলাকাগুলি থেকে আরো ভালোভাবে দেখা যাবে এবং তাদেরকে নিজেদের অবস্থা থেকে পালতে সাহায্য করবে। 80 শতাংশের বেশি পাচার কাজে মোটরযান ব্যবহার করা হয়, যার মধ্যে অনেকগুলি নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ের পরিচালিত 27 টি সেবা এলাকায় থামতে পারে।

স্টেটের সিনেটর কোর্ডেল ক্লিয়ার বলেন, "সিনেটের নারী সংক্রান্ত বিষয়ের স্থায়ী কমিটির (Senate Standing Committee on Women's Issues) প্রধান হিসেবে, মানব পাচার নির্মূল করা আমার শীর্ষতম অগ্রাধিকার হয়ে আছে।আমি আমার বিল S.8711-A স্বাক্ষর করার জন্য গভর্নরের প্রশংসা করছি, যা সকল থ্রুওয়ে কর্তৃপক্ষের সেবা এলাকায় (Thruway Authority Service Areas) সক্রিয় তথ্য প্রদর্শন করা আবশ্যক করে।এই বছর আমি মানব পাচার নিয়ে 14টি বিল উপস্থাপন করেছি যার মধ্যে 5টি সিনেটে পাশ হয়েছে; আমি এই জঘন্য অনুশীলন বিশ্ব থেকে মুছে ফেলার আগ পর্যন্ত এবং আমাদের সম্প্রদায়সমূহ সেরে উঠার আগে পর্যন্ত এই ব্যাপারে কাজ করে যাবো।"

বিধিমালা (S.8678/A.9814) সকল ট্রাক স্টপের জন্য মানব পাচারের শিকার ব্যক্তিদের সেবার ব্যাপারে তথ্য এবং সেই সাথে জাতীয় মানব পাচার হটলাইন নম্বর লাগানো আবশ্যিক করে। এটি অপরাধের শিকার ব্যক্তিদের নিজেদের পরিস্থিতি থেকে পালাতে তাদের সাহায্য করার জন্য উপলভ্য সংস্থান সম্পর্কে আরো সচেতন হবে।

স্টেট সিনেটর সামরা জি. ব্রোক বলেন, "মানব পাচারকারীরা আমাদের পরিবহন অবকাঠামো ব্যবহার করে প্রকাশ্য দিবালোকে অসামাজিক অপরাধ করে এবং যেহেতু গ্রীষ্মের মাসগুলিতে স্টেটব্যাপী যাতায়াত বেড়ে যায়, তাই আমাদেরকে হস্তক্ষেপ করার সকল সুযোগ ব্যবহার করতে হবে এবং জীবন সংস্কার শুরু করতে হবে। আমি গভর্নর এবং অ্যাসেম্বলি সদস্য পলিনকে ট্রাক স্টপ ও বিমানবন্দরে মানব পাচারের শিকার ব্যক্তিদের জন্য জীবন রক্ষাকারী তথ্য প্রদানের এই বিধিমালায় তাদের সহযোগিতার জন্য ধন্যবাদ জানাচ্ছি, যা নিউ ইয়র্ককে আমাদের পরিবার, বিশেষ করে আমাদের নারী ও শিশুদের জন্য আরো নিরাপদ একটি স্থান করবে।"

বিধিমালা (S.8710/A.9406) সকল বাণিজ্যিক সেবা এবং সাধারণ উড্ডয়নের বিমানবন্দরগুলির জন্য মানব পাচারের শিকার ব্যক্তিদের সেবার ব্যাপারে তথ্য এবং সেই সাথে জাতীয় মানব পাচার হটলাইন নম্বর লাগানো আবশ্যিক করে। এয়ারলাইন্সগুলি জাতীয় ও আন্তর্জাতিক উভয় ক্ষেত্রে মানব পাচারের একটি সাধারণ কেন্দ্র। একটি দৃশ্যমান স্থানে প্রয়োজনীয় তথ্য প্রদান করা হলে, সম্ভাব্য মানব পাচারে শিকার ব্যক্তিরা নিজেদের পরিস্থিতি থেকে পালাতে তাদের সাহায্য করার জন্য উপলভ্য সংস্থান সম্পর্কে জানতে পারবে।

বিধিমালা (S.8262/A.9169) সকল বন্দর কর্তৃপক্ষের বিমানবন্দরের জন্য মানব পাচারের শিকার ব্যক্তিদের সেবার ব্যাপারে তথ্য এবং সেই সাথে জাতীয় মানব পাচার হটলাইন নম্বর লাগানো আবশ্যিক করে। এয়ারলাইন্সগুলি জাতীয় ও আন্তর্জাতিক উভয় ক্ষেত্রে মানব পাচারের একটি সাধারণ কেন্দ্র। একটি দৃশ্যমান স্থানে প্রয়োজনীয় তথ্য প্রদান করা হলে, সম্ভাব্য মানব পাচারে শিকার ব্যক্তিরা নিজেদের পরিস্থিতি থেকে পালাতে তাদের সাহায্য করার জন্য উপলভ্য সংস্থান সম্পর্কে জানতে পারবে।

স্টেটের সিনেটর আনা কাপলান বলেন, "কোনও সম্প্রদায়ই মানব পাচারের কলঙ্ক থেকে মুক্ত নয়, এবং এই অপরাধের শিকার ব্যক্তিদের নিজেদের পাচারকারীর থেকে পালানোর জন্য এবং তাদের জোরপূর্বক যেই ট্রমার মধ্যে দিয়ে যেতে হয়েছে তা কাটিয়ে উঠানোর সুযোগ প্রদানের জন্য আমাদের পক্ষে সম্ভাব্য সব কিছু করা অতি গুরুত্বপূর্ণ। এই অপরাধের শিকার ব্যক্তিরা দেখতে পারবে এমন সব স্থানে জাতীয় মানব পাচার হটলাইনে নম্বর বিশেষভাবে প্রদর্শন করা দরকার আছে এমন মানুষকে সাহায্য করার একটি সাধারণ বুদ্ধির উপায়, এবং এটি জনসাধারণের মধ্যে সচেতনতা বৃদ্ধি করতে সাহায্য করবে যারা অগ্রসর হয়ে সাহায্য করতে পারে। আমি অ্যাসেম্বলি সদস্য এমি পলিনের সাথে এই বিধিমালায় অংশীদারিত্ব করতে পেরে গর্বিত, যা বিমানবন্দর এবং বাস টার্মিনালে অপরাধের শিকার ব্যক্তিদের জন্য সংস্থান সম্পর্কে তথ্য প্রদর্শন আবশ্যক করবে, এবং আমি এই বিলগুলিকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলের নেতৃত্বের প্রতি কৃতজ্ঞ।"

বিধিমালা (S.8573/A.9410) সকল বন্দর কর্তৃপক্ষের (Port Authority) বাস টার্মিনালের রেস্টরুমসমূহের জন্য মানব পাচারের শিকার ব্যক্তিদের সেবার ব্যাপারে তথ্য এবং সেই সাথে জাতীয় মানব পাচার হটলাইন নম্বর লাগানো আবশ্যিক করে। বাস টার্মিনালের বেনামি সুবিধার কারণে, এগুলি মানব পাচার করার জ্ঞাত কেন্দ্রসমূহ। মানব পাচারের শিকার ব্যক্তিদের জন্য বিভিন্ন সেবার ব্যাপারে তথ্য এবং একইসাথে জাতীয় মানব পাচার হটলাইন নম্বর বিশেষভাবে প্রদর্শন করার ফলে, আরো বেশি পাচারের শিকার ব্যক্তিরা নিজেদের পাচারকারীর থেকে পালানোর জন্য কী সংস্থান ব্যবহার করা যায় সেই ব্যাপারে জানতে পারবে।

বিধিমালা (S.3374B/A.7818B) অ্যালকোহলজাত পানীয় বা প্রাপ্তবয়স্কদের বিনোদন বিক্রি করা সকল স্থাপনার জন্য মানব পাচার অপরাধের নোটিশ প্রদর্শন করা এবং সহায়তার জন্য স্পষ্টভাবে জাতীয় মানব পাচার সংস্থান কেন্দ্রের (National Human Trafficking Resource Center) হটলাইন ও তার সাথে ট্র্যাফিকিং ইন পারসনস এবং ওয়ার্কার এক্সপ্লোয়েটেশন টাস্ক ফোর্সের অভিযোগ লাইন (Trafficking in Persons and Worker Exploitation Task Force Complaint lines) প্রদর্শন করতে হবে। বহু বিনোদন ক্লাব এবং বার মানব পাচার ও জোরপূর্বক শ্রমের স্থান, এবং এইসব হটলাইন সম্পর্কে সচেতনতা বৃদ্ধি অপরাধ এবং এর সতর্ক চিহ্ন সম্পর্কিত সচেতনতা বৃদ্ধি করবে, এবং একইসাথে এই অপরাধের শিকার হয়ে যাওয়া ব্যক্তিদের সাহায্য করার জন্য সংস্থানসমূহের ব্যাপারে সচেতনতা বৃদ্ধি করবে।

সিনেটর জামাল বেইলি বলেন, "মানব পাচার একটি ক্রমবর্ধমান এবং পরিব্যাপক সমস্যা যা আমাদের সম্প্রদায়গুলিকে প্রভাবিত করছে। বিধিমালার এই প্যাকেজটি মানব পাচারের কলঙ্কের সাথে লড়াই করার জন্য, পাচারের শিকার ব্যক্তিদের সংস্থান প্রচার করার জন্য, এবং শোষণের চক্রের বিরুদ্ধে সুরক্ষা প্রদান ও এটি ভেঙ্গে ফেলার জন্য প্রতিরোধমূলক ব্যবস্থা অগ্রসর করার কাজ করে। আমার বিলটি আবশ্যক করবে যে একটি লিকার লাইসেন্সসহ সকল স্থাপনা এবং সকল প্রাপ্তবয়স্কদের বিনোদনের ভেন্যুতে যাতে মানব পাচার হটলাইন সম্পর্কিত যোগাযোগ তথ্য বিশেষভাবে সাইনেজে প্রদর্শিত হয়। পাচারের শিকার ব্যক্তিরা সাহায্য খুঁজতে অস্বাভাবিক কাঠিন্যের সম্মুখীন হয়। যেসব স্থাপনায় পাচারের শিকার ব্যক্তিদের ঝুঁকি বেশি থাকে সেখানে দৃশ্যমান সাইনেজ তাদের সম্ভাব্য জীবন রক্ষাকারী সহায়তা পেতে সাহায্য করবে। আমি গভর্নর ক্যাথি হোকলকে এই গুরুত্বপূর্ণ বিধিমালাকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য, অ্যাসেম্বলি স্পন্সর ক্যাটালিনা ক্রুজ, সিনেটের সংখ্যা গরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স, স্পিকার কার্ল ই. হিস্টি এবং উভয় হাউজে আমার সহকর্মীদের আমাদের সম্প্রদায়সমূহকে নিরাপদ রাখার পদক্ষেপ গ্রহণের জন্য ধন্যবাদ জানাচ্ছি।"

অ্যাসেম্বলি সদস্য ক্যাটালিনা ক্রুজ বলেন, "মানব পাচার, বা আধুনিক সময়ের দাসপ্রথা, আমাদের সমাজের একটি কলঙ্ক যার সাথে অনেক দিক দিয়ে লড়াই করতে হবে। আমার বিধিমালা এই অপরাধের শিকার ব্যক্তিদের সাহায্যকারী সেবার তথ্য আরো দৃশ্যমান ও সহজলভ্য করা আবশ্যক করে জনসচেতনতাকে লক্ষ্য করেছে।আধুনিক সময়ের দাসপ্রথার এই ভয়াবহতা শেষ করার জন্য আরো কাজ প্রয়োজন এবং আমি এটির বিরুদ্ধে লড়াইয়ে আমার প্রচেষ্টা চালিয়ে যাবো। আমি গভর্নর হোকলকে এই বিধিমালা সমর্থন করার জন্য এবং সিনেটর জামাল বেইলিকে এই ব্যাপারে তার নেতৃত্বের জন্য ধন্যবাদ জানাতে চাই।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418